

আন-নাযি'আত | An-Nazi'at | النَّازِعَات

আয়াতঃ ৭৯ : ২৫

আরবি মূল আয়াত:

فَاَخَذَهُ اللَّهُ نَكَالَ الْآخِرَةِ وَالْأُولَى ﴿٢٥﴾

অনুবাদসমূহ:

অবশেষে আল্লাহ তাকে আখিরাত ও দুনিয়ার আযাবে পাকড়াও করলেন। — আল-বায়ান

পরিশেষে আল্লাহ তাকে আখেরাত ও দুনিয়ার 'আযাবে পাকড়াও করলেন। — তাইসিরুল

ফলে আল্লাহ তাকে ধৃত করলেন আখিরাতের ও ইহকালের দন্ডের নিমিত্ত। — মুজিবুর রহমান

So Allah seized him in exemplary punishment for the last and the first [transgression]. — Sahih International

২৫. অতঃপর আল্লাহ তাকে আখেরাতে ও দুনিয়ায় কঠিন শাস্তিতে পাকড়াও করলেন।(১)

(১) نكال শব্দের অর্থ দৃষ্টান্তমূলক শাস্তি, যা দেখে অন্যরাও আতঙ্কিত হয়ে যায় এবং শিক্ষা পায়। [কুরতুবী]

তাফসীরে জাকারিয়া

২৫। ফলে আল্লাহ তাকে পরকালের ও ইহকালের শাস্তি দ্বারা পাকড়াও করলেন। [1]

[1] অর্থাৎ, আল্লাহ তাকে এমনভাবে পাকড়াও করলেন যে, আগামীতে দুনিয়ায় আগমনকারী আল্লাহদ্রোহীদের জন্য শিক্ষণীয় ও উপদেশস্বরূপ হয়ে রইল। আর কিয়ামতের আযাব তো তার জন্য আছেই, যা সে সেখানে ভোগ করবে।

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=5737>

হাদিসবিভিন্ন প্রজেক্টে অনুদান দিন